যুগান্তর

19 OCT 2017

### স্কুল-কলেজে ১৩ নির্দেশনা

# ইংরেজির পাঠদান ইংরেজিতেই দেয়ার নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

স্কুল ও কলেজে ইংরেজি বিষয়ের ক্লাস ইংরেজিতেই পরিচালনা করতে হবে। মাল্টিমিডিয়ার মাধ্যমে নিতে হবে ক্লাস। শিক্ষার্থীদের মানোন্নয়ন, দেশপ্রেমিক ও নৈতিক মূলবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এরকম ১৩ দফা নির্দেশনা জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। অফিস আদেশ আকারে এসব নির্দেশনা বুধবার মাউশির ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সংস্থাটির মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান স্বাক্ষরিত এ আদেশে বলা হয়, আধুনিক ডিজিটাল বাংলাদেশের নির্মাতা ভবিষ্যৎ প্রজন্ম। তাই তাদের দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। শৈশব থেকেই গুণগুলো চর্চার মাধ্যমে অভ্যাসে পরিণত করতে হবে। যেন তারা বাস্তব জীবনে প্রয়োগ করতে পারে।

আদেশে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের করণীয় বাতলে দিয়ে বলা হয়, বছরের শুরুতে শিক্ষার্থীদের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গল্প শোনাতে হবে। প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে উন্মুক্ত সেলফে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র' (১৫ খণ্ড) পড়ার জন্য উন্মুক্ত রাখতে হবে। শিক্ষার্থীরা অ্যাসেম্বলিতে দুটি করে নৈতিক বাক্য পাঠ করবে। স্কুল-কলেজের দেয়ালে নৈতিক বাক্য লেখা থাকবে। শিক্ষকরা ক্লাসে দুটি করে নৈতিক বাক্য ব্যাখ্যা করবেন; যাতে শিক্ষার্থীরা তা বাস্তব জীবনে প্রয়োগ করতে পারে।

প্রতিষ্ঠানের অভ্যন্তরে শিক্ষকের মানোন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। শিক্ষাঙ্গনকে সবুজায়ন করতে হবে। সর্বোপরি জাতীয় শুদ্ধাচার কৌশল অনুশীলন করতে হবে।

উল্লিখিত দিকগুলো বাস্তবায়নে প্রতিষ্ঠান প্রধানদের কাজ করতে হবে। এছাড়া পরিদর্শন টিমগুলোও শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনকালে উল্লিখিত দিকগুলো বিবেচনায় আনবেন।